Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

গীতার বাণী

(গীতি-নাট্য)

2/184
BANARAS

আসনবীর কাব্যতীর্থ

মূল্য ॥০ আনা

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

গ্রন্থকার কর্ত্তৃক প্রকাশিত—
চক্রবর্ত্তী ব্রাদার্স,
৬ নং শিবদাস ভাদুড়ী ষ্ট্রীট্, কলিকাতা—৪

প্রথম সংস্করণ
১৩৬৭ সাল

প্রাপ্তিস্থান :—
চক্রবর্ত্তী ব্রাদার্স, ৬ নং শিবদাস ভাদুড়ী ষ্ট্রীট্, কলিকাতা—৪
দাশগুপ্ত প্রকাশন, ৩ নং রমানাথ মজুমদার ষ্ট্রীট, কলিকাতা—৯

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

গীতার বাণী

(গীতি-নাট্য)

LIBRARY
No. 2/188.
BANARAS.

আসনবীর
শ্রীরমণী রঞ্জন কাব্যতীর্থ
প্রণীত

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

প্রাপ্তিস্থান :—

চক্রবর্ত্তী ব্রাদার্স, ৬ নং শিবদাস ভাদুড়ী ষ্ট্রীট্, কলিকাতা—৪

দাশগুপ্ত প্রকাশন, ৩ নং রমানাথ মজুমদার ষ্ট্রীট্, কলিকাতা—৯

প্রথম সংস্করণ

১৩৬৭ সাল

'মদন প্রেস' মজিলপুর হইতে

শ্রীহীরেন্দ্র নাথ চক্রবর্ত্তী কর্ত্তৃক মুদ্রিত।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

LIBRARY
No. 2/184
BANARAS.

নিবেদন

ভারতবর্ষ সমন্বয়ের মূর্ত বিগ্রহ। যুগ যুগ ধরে এখানে সমন্বয়ের প্রবাহ প্রবাহিত হয়ে এসেছে ভারতীয় ইতিহাসের অফুরন্ত বিচিত্র ধারা বেয়ে। ভারতীয় জীবন দর্শন গীতা সেই সমন্বয় বাণীরই এক শ্রেষ্ঠ নিদর্শন। জ্ঞান ও ভক্তির সাথে ফুটে উঠেছে সেখানে কর্মের এক অপরূপ দৃশ্য। "গীতার বাণী" গীতিনাট্য সেই জীবন-দর্শনেরই এক নব রূপায়ণ। এই গীতি-নাট্যের মাধ্যমে জনসাধারণ কতটা উপকৃত হতে পারেন তা' সুধী-বৃন্দেরই বিচার্য বিষয়।

ইতি—

বিনীত—
গ্রন্থকার

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ভূমিকা

আসনবীর শ্রীরমণী রঞ্জন কাব্যতীর্থের গীতার বাণীর গীতি-নাট্যরূপের পাণ্ডুলিপি পড়লাম। গীতার গীতি-নাট্যরূপ দেওয়ার ইতঃপূর্বে আর কেহ প্রচেষ্টা করেছেন কিনা জানি না। এই দিক দিয়ে শ্রীকাব্যতীর্থের প্রচেষ্টা অভিনব এবং প্রশংসার্হ। গীতার দার্শনিক ভাব ও চিন্তাধারাকে সহজবোধ্য ও সুললিত ভাষায় প্রকাশ করার একটা ক্ষমতা শ্রীকাব্যতীর্থের আছে। গীতার এক একটি অধ্যায়ের ভাবধারাকে গ্রন্থকার এক একটি দৃশ্যরূপে (কথা) বর্ণনা করেছেন। প্রত্যেকটি সঙ্গীতের মর্মবাণী দৃশ্যের ভাবধারাকে আরও সুপরিস্ফুট করেছে। সঙ্গীতগুলি শ্রুতিমধুরও হয়েছে।

এরূপ আধ্যাত্মিক গীতি-নাট্য কলেজ ও বিশ্ববিদ্যালয়ের ছাত্রদের অভিনয়ের উপযোগী। গ্রীষ্মাবকাশে এবং পূজার ছুটির সময় স্নাতক ও স্নাতকোত্তর শ্রেণীর ছাত্রদের মাঝে এরূপ গীতি-নাট্যের অভিনয়ের ব্যবস্থা যাতে হয় ছাত্রদের সে বিষয়ে আমরা দৃষ্টি আকর্ষণ করছি এবং শিক্ষা-বিভাগের কর্তৃপক্ষকেও এ বিষয়ে অবহিত হওয়ার অনুরোধ জানাচ্ছি। আমাদের দেশের শিক্ষিত সম্প্রদায় গীতার ভাবধারায় অনুপ্রাণিত হ'য়ে উঠলে উহা আমাদের সমাজের পক্ষে, দেশের পক্ষে মহা কল্যাণকর হবে। এই পুস্তকখানি শিক্ষিত ব্যক্তিদের কাছে বিশেষ আদরণীয় হবে বলেই আশা করি।

স্বামী শিবানন্দ সরস্বতী

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

2/188
৪৭৫ ৪



আসনবীর —আর্, আর্, কাব্যতীর্থ

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

2/184

গীতার বাণী

(গীতি নাট্য)

॥ উদ্বোধন সঙ্গীত ॥

জয় জয় জয় জয় ;

মহাভারতের মহাপুণ্য কথা বাণী সে অমৃতময় ।
জ্ঞানের প্রদীপ জ্বালিল যেথায় দিল সবে বরাভয় ;
পার্থ-সারথি গাহে কর্ম-গীতি জ্ঞান ও ভক্তির সমন্বয় ।
মহাজীবনের মহাবনিয়াদ রচিলে বিশ্বে অনাময় ;
কর্মের মাঝে মুক্তির সাজে তুমি হে কৃষ্ণ আনন্দময় ।

প্রথম দৃশ্য

॥ কথা ॥

কুরুক্ষেত্র মহারণে রুদ্র ভীম গরজনে
বেঁধে গেল মহারণ পাণ্ডব কৌরবে ;
সত্য সাথে অসত্যের দ্বন্দ্ব নিত্য এ'ভবের
অজ্ঞানের অন্ধকারে মত্ত জীব সবে ।
অর্জ্জুন কহিল ধীরে আপনার সারথিরে
সেনামাঝে রাখ মোর রথ ;
দেখিব স্বজনগণে যুদ্ধার্থে এসেছে রণে
যাবৎ না সিদ্ধ মনোরথ ।
কহিল সারথি তারে দেখ পার্থ কৌরবেরে
যুদ্ধ সাজে এসেছেন যাঁরা ;

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

দেখিয়া অর্জ্জুন সবে হতবাক্ হলো তবে
শুষ্ক মুখ হৃদি দুঃখভরা।
কহিলা শ্রীকৃষ্ণসখায় রণে নাহি অভিপ্রায়
চিত্ত মোর অতীব চঞ্চল ;
কিবা স্বার্থ রাজ্য লাভে নাহি হেরি সুখ ভবে
যুদ্ধসাজে আত্মীয় সকল।
আত্মীয় স্বজনে বধি পাব দুঃখ নিরবধি
পাপভাগী হবো মোরা সবে ;
মারেও যদি মরিব তবু অস্ত্র না ধরিব
পার্থ তবে কহিলা মাধবে।

॥ গান ॥

গাও, সত্য প্রেমের জয় গান ;
হিংসায় ভরা পৃথ্বীরে দলি কর আজি খান খান।
মানুষ রয়েছে স্বার্থেরে ঘিরি নিয়ে তুচ্ছ অভিমান ;
স্বার্থ দ্বন্দ্ব ত্যজিয়া ওরে হও সবে আগুয়ান।
ঐ শোন ওরে ধ্বনিছে বে ওরে নবজীবনের আহ্বান ;
জীব শিব হবে ভেদ নাহি রবে গাও উদয়ের গান।

দ্বিতীয় দৃশ্য

॥ কথা ॥

অশ্রুতে আকুল আঁখি তখন অর্জ্জুনে দেখি
কহিলেন শ্রীমধুসূদন ;

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

এ'কি পার্থ এ'কি কথা তব এ বিষাদ বৃথা
দুর্বলতা ত্যজহ এখন।
শোক, দুঃখ, মোহ নিত্য ভুলায় অজ্ঞান চিত্ত
বিজ্ঞ জীব তা'তে নাহি মজে ;
কৌমার, যৌবন, জরা যথা এ' জীবনধারা
মৃত্যু তথা আসে নব সাজে।
এই বিশ্ব আত্মাময় জানিও তা' মিথ্যা নয়
দেহনাশ, আত্মা অক্ষয় অমর ;
ঘটে শুধু রূপান্তর জীবনের নব স্তর—
হেরি জড়ে, আত্মা অবিনশ্বর।
জীর্ণবস্ত্র পরিত্যজি নব বস্ত্রে যথা সাজি
আত্মা তথা ধরে নবরূপ ;
দেখ পার্থ লক্ষ্য করে মৃত্যু নাহি হেথা ওরে
শোক দুঃখ অজ্ঞান স্বরূপ।
পৌরুষে জাগিয়ে ওরে কর্ত্তব্য সাধন তরে
জীবন সংগ্রামে হও আগুয়ান ;
কর্ম্মে শুধু অধিকার নহে যোগ্য ফল বিচার
ত্যজি 'অহং', কর কর্ম মতিমান্।

॥ গান ॥

জীবন-জোয়ারে ঐ ডাকে ওরে নব জীবনের বান ;
দেরে পাড়ি ওরে কর্ম-সায়রে আয় সবে নওজোয়ান্।
মোরা যে আত্মা নাহি তার সীমা
অজয় অমর অণিমা লঘিমা

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ক্ষুদ্র তুচ্ছে দলিয়া মথিয়া উঠুক বিশ্বতান ;
মহাভারতের মহাগীতি হউক সার্থক মহীয়ান।
আমরা রচিব বিশ্ব মহান্
সাম্য মৈত্রী শান্তির গান
মহাজীবনের মহাজাগরণ হবে রে অভ্যুত্থান ;
মহাভারতের মহাগীতি হউক সার্থক মহীয়ান ॥

তৃতীয় দৃশ্য

॥ কথা ॥

কর্ম্ম হ'তে বুদ্ধি শ্রেষ্ঠ এই যদি তব ইষ্ট
কেন কর্মে নিয়োজিছ মোরে ?
কভু জ্ঞান কভু কর্ম্ম বাখানিছ শ্রেষ্ঠ ধর্ম্ম
জিজ্ঞাসিলা পার্থ কেশবেরে।

কর্ম্ম না করিলে ভবে সিদ্ধি না ঘটিবে তবে
কর্ম্ম ত্যাগ নহে শ্রেষ্ঠ পথ ;
প্রকৃতি প্রেরণা বশে কর্ম্ম করিবে যে সে
কর্ম্ম জীবধর্ম্ম, কহিলা অচ্যুত।

কর্ত্তব্য সাধনে ব্রতী হও পার্থ মহামতি
কর্ম্মহীন পারে না বাঁচিতে ;
কর্মে সিদ্ধি তবে হয় যদি না আসক্তি রয়
কর কর্ম্ম ভবে মুক্ত চিতে।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

অহংকার বশে ভাবে কর্মকর্ত্তা আমি ভবে
প্রকৃতি অধীন জীব জানিহ নিশ্চয় ;
জ্ঞান সূর্য যবে উঠে অজ্ঞান তখনি টুটে
কর্ম হয় স্বচ্ছ অনাময়।

॥ গান ॥

গাও রে সে গান অনাময় ;
মহাভারতের পূত স্মৃতি গাঁথা কর্ম জ্ঞানের সমন্বয়।
দিকে দিকে হেরি কত হানাহানি ক্রুর মানব বৃত্তিচয় ;
হিংসায় ভরা জীবনধারা ঘুচুক জীবন স্বার্থময়।
তোল কর্মতান দিব্য মহান্ দলিয়া জীবন জঞ্জালময় ;
জ্ঞানের শিখায় কর্ম-প্রদীপ হউক সে চির দীপ্তিময়।

চতুর্থ দৃশ্য

॥ কথা ॥

হ'য়ে পুনঃ জিজ্ঞাসিত কহিলেন শ্রীঅচ্যুত
আত্ম জন্মকথা ভক্ত অর্জ্জুনেরে ;
জন্মহীন মৃত্যুহীন সর্ব্বাধিশ অমলিন
জানিবে পার্থ মোর স্বরূপেরে।
আত্মামায়াবশে পুনঃ লই জন্ম তবে শোন
ধর্ম-গ্লানি ঘটে যবে ভবে ;
সজ্জনে রক্ষিতে হেথা দুষ্ট বিমর্দনে তথা
আবির্ভাব মোর যুগে যুগে।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

মম জন্ম কর্ম-তত্ত্ব জানে যেবা মোর ভক্ত
পুনর্জন্ম নাহি তার হয় ;
ত্যজি দেহ লভে সেই পরমাত্মা আমাকেই
ধন্য সেই জানিহ নিশ্চয় ।

সকামে নিষ্কামে ওরে ভজে যেবা হেথা মোরে
সিদ্ধি তার হয় সেইরূপ ;
কারও বা সকাম সিদ্ধি কারও শ্রেষ্ঠ উপলব্ধি
গতি মতি চিন্তা অনুরূপ ।

কর্মাকর্মে সমজ্ঞান আছে যার সে মহান্
কর্মবিৎ লভে ব্রহ্মস্থান ;
জ্ঞানাগ্নিতে দগ্ধ হয় কর্ম যার কামনাময়
তিনি হন প্রকৃত বিদ্বান্ ।

দ্রব্যময় যজ্ঞ হতে জান এই সর্বমতে
জ্ঞানযজ্ঞ শ্রেষ্ঠ এ' ধরায় ;
প্রণিপাত পরিপ্রশ্নে তাই লভ সেবাধর্মে
মোহমুক্ত হবে অচিরায় ।

জ্ঞান সম শুদ্ধ সার নাহি হেথা কিছু আর
লভে জ্ঞান ধীর শ্রদ্ধাবান্ ;
অজ্ঞান অশ্রদ্ধ চিত নিত্য সংশয়ে পতিত
সমাজের ভার মতিমান্ ।
জ্ঞান-খড়্গ নিয়ে করে ছিন্ন করি সংশয়েরে
উঠ জাগো ওহে বিজ্ঞবর ;

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

মানব কল্যাণ তরে মুক্তচিতে হও ওরে,
জীবন-সমরে অগ্রসর।

॥ গান ॥

ঘুচাও ভীতি জ্বালাও বাতি অজ্ঞান-তিমির কর রে নাশ ;
উঠুক জেগে নবীন রাগে নবারুণ-শিখা হউক প্রকাশ।
কত মূঢ় ম্লান সুপ্ত পরাণ
কত ব্যথিতের বেদনা গান
কত কুসংস্কার প্রাচীর সমান এনেছে সমাজে সর্বনাশ।
আত্মজ্ঞানের প্রদীপ্ত আলো
ধর তুলে আজ জ্বালো ওরে জ্বালো
ঘুচুক আঁধার অজ্ঞান-কারার জাগুক জীবনে নব আশ।

পঞ্চম দৃশ্য

॥ কথা ॥

কহি শ্রেষ্ঠ জ্ঞান কথা কেন পুনঃ কর্ম গাঁথা
শ্রেষ্ঠ যাহা কহ ভগবন্ ;
জ্ঞান কর্ম-যোগ উভে মোক্ষদায়ক এ' ভবে—
পার্থে কহে শ্রীমধুসূদন।

ইচ্ছা দ্বেষ হীন যে কর্ম করেও সে
হয় নিত্য সন্ন্যাসী সমান ;
আসক্তি ত্যজিলে ভবে জ্ঞানে কর্মে এক হবে
উভয়েই করে মুক্তিদান।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ব্রহ্মে সমর্পণ করি ফলাসক্তি পরিহরি
কর্ম যিনি করেন সতত ;
জলে যথা পদ্মপত্র নাহি হয় জলে লিপ্ত
কভু তিনি না হন বিব্রত ;
আত্মস্থিতি আছে যার সমদৃষ্টি কর্মে তার
উচ্চ নীচ ভেদ নাহি করে ;
সংসারে থাকিয়া তাঁরা পালেন জীবন-ধারা
অনুরক্তি থাকে না সংসারে।

॥ গান ॥

তোরা, কর্ম করে যা' ওরে ;
ত্যজি অনুরতি বিষয়ের প্রতি হয়ে নির্মম নিঃসঙ্গ রে।
কর্মের মাঝে নাহি কোন দোষ কর্ম-জীবের জীবন ওরে ;
জ্ঞান-অসি নিয়ে আয় ওরে ধেয়ে জীবন্মুক্ত হবি কে রে।
স্বার্থ পরিহরি যেবা যায় করি কর্ম জীবের মঙ্গল তরে ;
মুক্তি তাহার নহে দূরে আর সেই সব্যসাচী (খাঁটী) এ' সংসারে।

ষষ্ঠ দৃশ্য

॥ কথা ॥

আপন কার্য্যেতে রত ইন্দ্রিয় ইন্দ্রিয়ে যত
আত্মা যার থাকে উদাসীন ;
এই কথা রেখো জানি যোগারূঢ় হন তিনি
কহে কৃষ্ণ হে পার্থ ধনিন্।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

শত্রু মিত্রে সম দৃষ্টি নাহি দুঃখ নাহি তুষ্টি
সম ভাব রহে সর্বজনে ;
শুচি শুভ্র স্থানেতে বসি স্থির চিত্তেতে
থাকে যোগী সতত নির্জনে।
অতীব ভোজনকারী অথবা যে অনাহারী
যোগে সিদ্ধি হয় না তাহার ;
সম নিদ্রা জাগরণ সেই হয় যোগীজন
যুক্ত যার আহার বিহার।
বায়ুহীন স্থানে যথা রহে দীপের স্থিরতা
যোগী চিত্ত তথা অচঞ্চল ;
আত্মমাঝে আত্মা হেরে সদা তুষ্ট থাকে ওরে
আত্মানন্দে ডুবে অবিরল।
যে ধন লভিয়া পরে অন্য ধনে তুচ্ছ করে
মহাদুঃখে থাকে অবিচল ;
যোগযুক্ত সেই হয় ধরায় ঐশ্বর্যময়
অভ্যাসেতে লভে সে সুফল।
সর্বভূত আত্মামাঝে আত্মা সর্বভূতে আছে
সমদৃষ্টি লভে যোগীবর ;
সুখদুঃখে সমজ্ঞান যোগীশ্রেষ্ঠ মহীয়ান্
হয় সেই জান ধনুর্ধর।
আত্মামাঝে আত্মস্থিতি কহিলা যে মূলনীতি
পার্থ কহে—শক্ত তত্ত্ব সার ;

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

চঞ্চল এ' মন হয়, কহি, কৃষ্ণ এ' দুর্জয়
বায়ুসম গতি দুর্নিবার ।
শ্রীকৃষ্ণ কহিলা তবে দুর্জয় এ'মন ভবে
তবু পার্থ করহ শ্রবণ ;
কর্মযোগ অভ্যাসেতে বৈরাগ্যের উদয়েতে
আত্মবশে রাখ এই মন ।

॥ গান ॥

অভ্যাসে রত কর আত্মচিত অভ্যাসে অনুভূতি সার ;
শাস্ত্র জ্ঞানার্জন ব্যর্থ-জীবন অভ্যাসযোগ নাহি যার ।
চিত্ত-কারার ঐ বদ্ধ দুয়ার
খোল আজি ওগো খোল এ'বার
আত্মানন্দ লভিবে অপার অভ্যাসযোগে কর সার ।
জীব শিব ভবে হবে ওরে হবে
আত্ম-দ্বেষ হেথা কভু নাহি রবে
বিশ্বভুবনে মিলনের গীতি ধ্বনিবে হেথা অনিবার ।

সপ্তম দৃশ্য

॥ কথা ॥

আমাতে রাখিয়া মন কর কার্য্য সমাপন
মম তত্ত্ব পরম বিজ্ঞান ;
লভিবে ভূতলে হেথা কহি, শোন সে বারতা
অর্জুনেরে কহেন ভগবান্ ।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

পঞ্চতত্ত্ব জানো সার মন, বুদ্ধি অহংকার
অষ্ট প্রকার প্রকৃতি আমার ;
অপরা প্রকৃতি হয় জান এই সুনিশ্চয়
পরা পুনঃ শ্রেষ্ঠ চেতনার।
দ্বিবিধ প্রকৃতি হ'তে সৃষ্ট জীব এ জগতে
আমি পুনঃ লয়েরই কারণ ;
আমা হতে শ্রেষ্ঠ আর নাহি হেথা জানিবার
সূত্রে যুক্ত যথা মণিগণ।
জলে আমি রসেতে চন্দ্র সূর্যে তেজেতে
নভে শব্দ মানবে পৌরুষ ;
গন্ধরূপে পৃথিবীতে প্রাণরূপে সর্বভূতে
সর্ববীজ পরম পুরুষ।
বদ্ধ জীব ত্রিগুণেতে নাহি জ্ঞান গুণাতীতে
রূপাতীত স্বরূপ আমার ;
নিষ্ঠাবান্ ভক্তিমান্ যেবা জ্ঞানী হয় মহান্
লভে স্থান পরম আত্মার।

॥ গান ॥

মন, ঊর্দ্ধে হও রে আগুয়ান ॥
দেহের বাঁধন করি ছেদন দেখ না ঘুরে বিশ্বভুবন
মহাশক্তির নিত্য লীলা হেথা প্রকটমান।
মন, ঊর্দ্ধে হওরে আগুয়ান ॥
দেহের মাঝে নানা সাজে প্রকৃতির এ'রঙ্গ রাজে
নে রে তুই ঘসে মেজে কর রে অনুসন্ধান।
মন, ঊর্দ্ধে হও রে আগুয়ান ॥

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

অষ্টম দৃশ্য

॥ কথা ॥

কিবা ব্রহ্ম কিবা কর্ম অধ্যাত্মের কিবা মর্ম
কিবা অধিভূত অধিযজ্ঞ হয় ;
বিস্তারিয়া কহ মোরে কহে পার্থ মাধবেরে
কিসে হয় এ' জ্ঞানেরই উদয় ।
অক্ষর সেই ব্রহ্ম হয় আত্মভাবে অধ্যাত্ম কয়
দেহাশ্রয়ী আত্মা অধিভূত ;
প্রাণকর্মকারী যেই অধিযজ্ঞ হয় সেই
কহে কৃষ্ণ হ'য়ে জিজ্ঞাসিত ।
যোগবলে শুদ্ধ মন ভ্রূমধ্যে করি স্থাপন
আত্মধ্যানে হও নিমগন ;
প্রকৃত স্মরণ ইহা সাধন জানিও তাহা
বহির্মুখী থাকে মূঢ়জন ।
আমাতে রাখিয়া চিত্ত যেবা হয় দুঃখ মুক্ত
পুনর্জন্ম নাহি এ সংসারে ;
আমা মাঝে ভূতগণ আমি তাতে অনুক্ষণ
জেনো পার্থ ভক্তি লভ্য মোরে ।
ব্রহ্মাক্ষর যোগতত্ত্ব জানে যেবা মোর ভক্ত
লভে পদ পরম নির্গুণ ;

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

এই তত্ত্ব জেনো সার সর্ব্ব শাস্ত্রের আধার
যোগযুক্ত হও, হে অর্জুন !

॥ গান ॥

আত্ম যজ্ঞ কররে সার ;
জীব নহে ক্লীব ও যে মহাশিব বিরাট বিশ্বাকার।
দূর কর ভার ক্ষুদ্র চিন্তার তুমি যে বিশ্ব-পারাবার ;
প্রাণাপানে রুধি দেখ নিরবধি তুমি হেথা একাকার।
কর্ম্মের মাঝে রহ শিব সাজে জীব কল্যাণ ব্রত যে তোমার ;
আত্মায় লভ শান্তি অপার অক্ষর যোগ সাধনার।

নবম দৃশ্য

॥ কথা ॥

জ্ঞান বিজ্ঞানের কথা কহি এবে তত্ত্বগাঁথা
অতি গুহ্য তত্ত্বের বাখান ;
শ্রদ্ধাবান্ যেবা হয় লভে তত্ত্ব অনাময়
কহেন অর্জুনে ভগবান।
অব্যক্ত রূপেতে আমি ব্রহ্মরূপ বিশ্বস্বামী
রয়েছি জগত ব্যাপি
আমা মাঝে ভূতগণ রহিয়াছে অনুক্ষণ
তাতে আমি লিপ্ত নহি।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

আমা মাঝে লয় হয় সর্বভূত সুনিশ্চয়
আমা হতে পুনঃ উৎপাদন ;
সূক্ষ্ম অংশ নিয়ে যায় মৃত্যু শেষে এ' ধরায়
কর্মবশে পুনশ্চ সৃজন।
মোহগ্রস্ত জ্ঞানহীন সূক্ষ্ম তত্ত্বে আস্থাহীন
পরতত্ত্ব নাহি জানে মোর ;
আমিরূপী মানবেরে ঘৃণায় অবজ্ঞা ভরে
দেয় কত লাঞ্ছনা নিঠুর।
কাম্য বস্তু ত্যাগ করি যেবা থাকে মোরে স্মরি
আত্মায় সতত নিমগন ;
মোক্ষ পথ মুক্ত হয় জেনো পার্থ সুনিশ্চয়
হয় তার কল্যাণ সাধন।
দান ধর্ম হোম আহার জীবনের যা' করিবার
আত্মব্রহ্মে করিব অর্পণ ;
অহং জ্ঞানে মুগ্ধ হয়ে ধ্যান জ্ঞান বিসর্জিয়ে
কার্য্য শুধু অনর্থ কারণ।

॥ গান ॥

বিশ্বহিতে মুক্ত চিতে করবে কর্ম সম্পাদন ;
গীতার বাণী সঞ্জীবনী দিব্য হউক মানব মন।
হউক জীবন সৌম্য শোভন
ঘুচুক দুঃখ দৈন্য দহন
আত্ম বাঁধন হউক মোচন দুঃখ হীন জনগণ ;
মহাজীবনের মহনীয় পথ লভুক বিশ্বজন।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

দশম দৃশ্য

॥ কথা ॥

পরমাত্ম প্রতিষ্ঠাতে জীবাত্মার স্থিতি যাতে
উপায় তার করহ শ্রবণ ;
মোর আদি নাহি জানে কভু দেব ঋষিগণে
অর্জুনে কহিলা জনার্দন।
অজ অনাদির ভাবে জানে যেবা মোরে ভবে
দুঃখ মুক্ত মর্ত্যে সেই হয় ;
জ্ঞান বুদ্ধি শম দম ক্ষমা সত্য সবি মম
আমা হতে সকলি উদয়।
তত্ত্বজ্ঞানী সেই জন সমাধিতে যুক্ত হন
জানে যেই বিভূতি আমার ;
আমা গত চিত্ত যার আমি যার প্রাণাধার
লভে সেই শান্তি অনিবার।
ভূতগণে আমি আত্মা সৃষ্টি স্থিতি লয় কর্তা
আমি থাকি এই ভূমণ্ডলে ;
দ্বাদশ আদিত্যে বিষ্ণু জ্যোতিমাঝে বিভাবসু
চন্দ্ররূপে নক্ষত্র মণ্ডলে।
সামবেদ বেদমাঝে দেবেতে বাসব সাজে
ইন্দ্রিয়েতে আমি শ্রেষ্ঠ মন ;
চরাচর বিশ্বজোড়া নাহি কিছু আমা ছাড়া
আমি সর্ব সৃষ্টির কারণ।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

॥ গান ॥

গাও, উদয়ের গান ;
বিশ্ব আত্মা তুমি মহীয়ান্ তুমি যে অমৃত সন্তান।
ভুলি ভেদাভেদ যত জীবনের ক্লেদ তুচ্ছ অভিমান ;
ঐ শোন ওরে ফুকারে অদূরে মহাজীবনের আহ্বান।
লভ তত্ত্বজ্ঞান সৌম্য মহান্ সমাজ রাষ্ট্রের কর কল্যাণ ;
মহামানবের মহাগীতি তান গাও সর্বে আজি জয়গান।

একাদশ দৃশ্য

॥ কথা ॥

বাসনা হইল তার বিশ্বরূপ দেখিবার
অর্জুন তাই কহিল মাধবে ;
দেখালেন জনার্দন আত্মমাঝে বিশ্বজন
মুগ্ধচিত পার্থ মহাভাবে।
অষ্টবসু দ্বাদশ আদিত্যে রুদ্র একাদশ অশ্বিনীদ্বয়ে
আমা মাঝে দেখ এই বিশ্ব চরাচর ;
কত নেত্র দীপ্তানন কত দিব্য আভরণ
অদ্ভুত দর্শন যেন সহস্র ভাস্কর।
শুধায় শ্রীকৃষ্ণ তারে শোন পার্থ শোন ওরে
আমাগত নিত্য চিত্ত যার ;
শ্রদ্ধান্বিত যেই জন আমারে করেন ভজন
আমি হই মুক্তিদাতা তার।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

আমা মাঝে মনস্থির কর ওহে মহাবীর
আমাতেই হবে তব স্থিতি ;
দ্বেষহীন সর্বভূতে মৈত্রী আর করুণাতে
যুক্ত যেই আমি তার গতি।
শত্রু মিত্র সম জ্ঞান তথা মান অপমান
সুখ দুঃখে সদা নির্বিকার ;
নিন্দা স্তুতিতে সমান যেবা মৌনী ভক্তিমান্
প্রিয়পাত্র সে হয় আমার।

॥ গান ॥

তোরা, বিশ্বরূপের ছায়া দেখ।
চন্দ্র, সূর্য গ্রহতারা সাজে ক্ষিতি অপ তেজ মরুৎ মাঝে
বিশ্বভূপের রূপের ছটা দেখরে নির্নিমেখ।
তোরা, বিশ্বরূপের ছায়া দেখ ॥
সার্ধ ত্রিহস্ত আকারে পূত এই কলেবরে
দেখ্‌না কত রূপের ছটা কর্‌না অভিষেক।
তোরা, বিশ্বরূপের ছায়া দেখ ॥

দ্বাদশ দৃশ্য

॥ কথা ॥

ইচ্ছা মোর জানিবারে জিজ্ঞাসে অর্জুন ধীরে
ক্ষেত্র ক্ষেত্রজ্ঞ কিবা হে কেশব ?

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

প্রকৃতি পুরুষ কিবা বিস্তারিয়া কহ তাহা
জ্ঞান জ্ঞেয় তত্ত্ব কথা সব।
ভোগায়তন এই দেহ ক্ষেত্র তত্ত্বতঃ জানিহ
ক্ষেত্রজ্ঞ সে যেবা ক্ষেত্রবিদ্ ;
আত্ম-জ্যোতি সর্ব্বময় জ্ঞান জ্ঞেয় সেই হয়
প্রাণসম সর্ব জীবহৃদ্।
প্রকৃতি পুরুষ উভে অনাদি জানহ এবে
ভেদ শুধু নামের বিকার ;
গুণাতীত আত্মা যবে পুরুষ জানিবে তবে
গুণযুক্ত প্রকৃতি আকার।
জানে যেবা এই তত্ত্ব ভবে মুক্ত সেই ভক্ত
দুঃখ মুক্ত হয় সেই জন ;
কেহ ধ্যানে কেহ জ্ঞানে যুক্ত আত্ম-দরশনে
কর্ম-যোগ কারও বা শরণ।

॥ গান ॥

কর, তত্ত্বজ্ঞানের উদ্ধার ॥
সর্বজীবে দেখরে তবে আত্ম-জ্ঞানের সৌম্যাকার।
সবার মাঝে একের সাজে পরম পুরুষ দেখবি রে যে
ক্ষুদ্র চিন্তা আমি তুমির থাকবে নাকো আর।
সূক্ষ্ম আকাশ যথা চলে গিরি দরী স্থলে জলে
লিপ্ত নহে কারও ধর্মে থাকে শুদ্ধাকার।
তেমনি ওরে কর্ম করে দেরে পাড়ি ভব-সায়রে
দুঃখ সুখের পরশ ঘুচবে থাক্‌বি নির্বিকার।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ত্রয়োদশ দৃশ্য

॥ কথা ॥

শোন কহি জ্ঞান কথা উত্তম পরমার্থতা
যাহা লভি মুক্ত মুনিগণ ;
পার্থে বলে পার্থ-সখা ত্রিগুণ সে সুধামাখা
স্থিতি যার প্রকৃতি কারণ।
সুখ দুঃখ মোহাদিতে দেহী যুক্ত থাকে তাতে
সত্ত্ব রজঃ তমেরি প্রভাবে ;
সুখ জ্ঞানাসক্তি মাঝে সত্ত্ব কার্য্য বিরাজিছে
গুণাতীত তাতে নাহি লভে।
রজগুণ শোন পুনঃ তৃষ্ণা আসক্তি কারণ
ফলাকাঙ্ক্ষায় বদ্ধ জীব তাতে ;
অজ্ঞান জনক তমঃ সর্ব কার্য্যে সৃজে ভ্রম
নাহি থাকে জ্ঞান হিতাহিতে।
ত্রিগুণে যে পরিহরি পরমাত্মায় নেয় বরি
ঘুচে তার সকল বন্ধন ;
সেই মুক্ত ধরাতলে জরা দুঃখ নাহি মিলে
পরানন্দ লভে সেই জন।
অর্জুন জিজ্ঞাসে পুনঃ ত্রিগুণ অতীত জন
কিসে লভে এই আত্মস্থিতি ;
কহ, পার্থ কি আচার কীদৃশ লক্ষণ তার
গুণাতীতের কিবা পরিণতি।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

সদা উদাসীন সাজে সুখে দুঃখে নাহি মজে
কর্ম্মকৃৎ নিত্য অবিচল ;
আপনি আপনা মাঝে নিত্য নিমগন যে
সম সোনা প্রস্তর সকল।
শত্রু মিত্র সম যার মান অপমান ভার
গুণাতীত হয় সেই ভবে ;
প্রিয়াপ্রিয় নাহি যার স্তুতি নিন্দায় নির্বিকার
গুণাতীত তারে কয় সবে।

॥ গান ॥

হও গুণাতীত নির্বিকার ;
দুঃখ দহন হবে মগন ভবের তাপন রবে না আর।
ভব-সায়রে ভয় কিরে আর দে না পাড়ি দুর্ণিবার ;
ত্রিগুণের গুণ টেনে নে মিলবে শান্তি-পারাবার।

চতুর্দ্দশ দৃশ্য

॥ কথা ॥

বেদবিদ্ সেই হয় জান পার্থ সুনিশ্চয়
অশ্বত্থের তত্ত্ব যেবা জানে ;
ঊর্দ্ধমূল অধঃশাখা অপূর্ব্ব এ' তত্ত্বমাখা
অর্থ তার দেহতত্ত্ব সনে।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

আদি অন্ত স্থিতি কথা কেহ নাহি জ্ঞাত হেথা
নশ্বর দেহ—অশ্বত্থের ;
জলবিম্ব যথা হয় উৎপত্তি বিনাশময়
স্থিতি তার হয় ক্ষণিকের।
আজ্ঞাচক্র ভেদি নর কূটস্থের রাজ্য'পর
দেখে সেথা অব্যয় অদ্বয়ে ;
উল্টা সাধনের বলে খোলে দ্বার অবহেলে
কভু নাহি ফিরে তারে পেয়ে।
অভিমান অহঙ্কারে দিয়ে বিসর্জন ওরে
আত্মরতি'পর যেই জন ;
ইন্দ্রিয়ের কার্য্য করে দোষ নাহি স্পর্শে তারে
নিত্যসুখে হয় নিমগন।
প্রাণ কর্ম করে যেই পরম পুরুষে সেই
লভে এই দেহে যোগিজন।
শত শাস্ত্র পাঠেও নয় তত্ত্ব অনুভূতি হয়
প্রাণকর্মী লভে সে দর্শন।

॥ গান ॥

(তোরা) হওরে যোগিজন।
উল্টা পথের উল্টা পবন প্রাণকর্ম কররে সাধন
দিলদরিয়ায় হবে দু'দোল শান্তি বারি বরিষণ ॥
প্রাণাপানের যুগল মিলন করবে দেহের স্বস্ত্যয়ন
হবে ব্রত সম্পাদন শ্রবণ মনন নিদিধ্যাসন ॥
ষট্‌চক্র ভেদি ওরে দেখনা বিশ্বভুবন জুড়ে
হবে মন আনন্দঘন দেখবি শুধু আপনজন ॥

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

পঞ্চদশ দৃশ্য

॥ কথা ॥

কহিলেন ভগবান পার্থে করি আহ্বান
দৈবী আসুরী কথা শোন মন দিয়া ;
বাহিরে অন্তরে যার সমভাব অনিবার
নিত্য সর্বভূতে আছে যার দয়া।

নির্লোভ নিরহঙ্কার সদা ধীর চিত্ত যার
আত্মধ্যানে মগ্ন যেবা রয় ;
এই বিশ্ব ব্রহ্মময় জানে যে আনন্দময়
দৈবী শক্তি তারি শুধু হয়।

দম্ভ দর্প অভিমান বঞ্চনার অনুষ্ঠান
স্বভাবেতে যার প্রকটমান ;
অজ্ঞানে আচ্ছন্ন যার নিত্য চিত্ত সবিকার
সেইজন অসুর সমান।

দৈবী সম্পদ হয় নিত্য শুদ্ধ সত্ত্বময়
তা'তে জেনো হয় মুক্তিলাভ ;
আসুরী সম্পদ হয় /রজঃ তমোময়/
মোহ বন্ধ তাহারি স্বভাব।

দৈবী সম্পদ যুক্ত তুমি পার্থ মোর ভক্ত
নির্ভয়ে হও আত্মব্রতী ;
শোকহীন হও এবে বিজয়ী হইবে ভবে
আপন কর্তব্যে রাখহ মতি।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

আরও কহেন ভগবান বিবিধ নিষ্ঠার বাখান
সত্ত্ব রজঃ তমো ভেদ কথা ;
সত্ত্বে ভক্তি সাত্ত্বিকী রজেতে রাজসিকী
তমো মাঝে থাকে অজ্ঞানতা।

শুধালেন আরও কথা ত্যাগ সন্ন্যাস বারতা
উভয়ের তত্ত্ব অর্জুনেরে ;
কাম্য কর্ম ত্যাগে হয় সন্ন্যাসের পরিচয়
ফলত্যাগ 'ত্যাগ' আখ্যা ধরে।

দেহধারী কভু নারে কর্মত্যাগ করিবারে
কর্মফলত্যাগ আদর্শ জীবন ;
দেবে দিবে এই ভবে ত্রিগুণেতে যুক্ত সবে
ত্রিগুণাতীত কেহ কভু হন।

হয়ে নিত্য কর্মরত আমাতে যে রাখে চিত
লভে পদ পরম অব্যয় ;
অর্জুন কহিল তবে নষ্ট মোহ হ'লো এবে
তব বাক্য পালিব নিশ্চয়।

[সমাপ্ত-সংগীত]

গীতার বাণী সঞ্জীবনী গা-রে তোরা বিশ্বজন ;
আকাশ বাতাস উঠুক কেঁপে আনন্দেরি শিহরণ।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ধরায় যেবা গীতামৃত শ্রদ্ধাচিতে করে গ্রহণ ;
গীতা-তরি হবে তারি ভবার্ণবের মহাশরণ।
চিত্তশুদ্ধি হয় যে তাহার প্রেম-ভক্তির বয় প্লাবন ;
গীতার কথা শুনে যেবা নিত্য করে অধ্যয়ন।
গীতায় যুক্ত চিত্ত যার তিনিই সাগ্নিক ঋষি হন ;
জপকারী আর ক্রিয়াবান্ যথার্থ সে যোগিজন।
মরণকালে গীতার বচন একবার যার হয় স্মরণ ;
পাপমুক্ত হয় সে ভক্ত পরম-পদ সে প্রাপ্ত হন্।

—০(*)০—

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

আসনবীর আর্ আর্ কাব্যতীর্থ

ছেলেমেয়ে, যোগানুরাগী

ও

বিশেষ ধরণের রোগীদের

সুস্থ ও সবলকারী

যৌগিক ব্যায়াম প্রক্রিয়াদি

শিখাইয়া থাকেন।

নিয়মাবলীর জন্য (আট নয়া পয়সার টিকিট সহ)

লিখুন।

চক্রবর্ত্তী ব্রাদার্স, ৬ নং শিবদাস ভাদুড়ী ষ্ট্রীট্, কলিকাতা—৪

বিঃ দ্রঃ—রবিবার সকাল ১০টার মধ্যে

৬ নং আর্ জি কর রোড, রুম নং ২৬ (1st Floor)

এই ঠিকানায় সাক্ষাৎ করিতে পারেন।

অন্যান্য সময়ে সাক্ষাতের জন্য পূর্ব্বে

পত্রালাপ বাঞ্ছনীয়।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

এই লেখকের আরও কয়েকখানি বই

আসন শেখো

যোগ ও জীবন

যোগবাণী

গীতাকথা

কবিতায় মুষ্টিযোগ

শেষরশ্মি

বৈদেহী বর্জন

সেকালের রাজা

নারী নহে নরকের দ্বার (যন্ত্রস্থ)

প্রভৃতি পুস্তক

আজই সংগ্রহ করুন।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi